# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৫১

৭. শিকার অধ্যায় (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ৭. খরগোশের গোশত খাওয়া সম্পর্কে

بَاب فِي أَكْلِ الْأَرْنَبِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ هِشَامُ بْنُ زَيْدِ بْنِ أَنَسٍ أَخْبَرَنِي قَالَ سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكٍ يَقُولُ أَنْفَجْنَا أَرْنَبًا وَنَحْنُ بِمَرِّ الظَّهْرَانِ فَسَعَى الْقَوْمُ فَلَغِبُوا فَأَخَذْتُهَا وَجِئْتُ بِهَا إِلَى أَبِي طَلْحَةَ فَذَبَحَهَا وَبَعَثَ بِوَرِكَيْهَا أَوْ فَخِذَيْهَا شَكَّ شُعْبَةُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَبِلَهَا

বাংলা

২০৫১. আনাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, আমরা 'মাররুয্ যাহরান'-এ একটি খরগোশকে ধাওয়া করলাম। তখন লোকেরাও এর পেছনে ছুটল এবং তারা ক্লান্ত হয়ে পড়ল। এরপর আমি সেটিকে ধরে ফেললাম এবং আবূ ত্বলহার নিকট নিয়ে এলাম। তিনি এটিকে যবেহ করলেন এবং তার পিছনের অংশ -কিংবা শু'বার সন্দেহ- দু' রান নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে পাঠিয়ে দিলেন এবং তিনি তা গ্রহণ করলেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, হিবাহ ২৫৭২, যাবাইহ ওয়াস সাইদ নং ৫৪৮৯, ৫৫৫৩; মুসলিম, সাইদ ওয়ায যাবাইহ ১৯৫৩; তায়ালিসী ১/৩৪২ নং ১৭৪৩; তিরমিযী, আতআমাহ ১৭৯০; আহমাদ ৩/১১৮, ১৭১, ২৩২, ২৯১; ইবনু মাজাহ, সাইদ ৩২৪৩; নাসাঈ, সাইদ ৭/১৯৭; আবূ দাউদ, আত'ইমাহ ৩৭৯১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82334

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন